দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 10 FEB 1987
পৃষ্ঠা 1 কলাম 6

002

# ঢাকা কলেজে হাঙ্গামাঃ পরীক্ষা ছাড়া ফরম পূরণের দাবী

(স্টাফ রিপোর্টার)

টেস্ট পরীক্ষা ছাড়াই এইচএসসি পরীক্ষার ফরম পূরণের সুযোগ দানের দাবীতে গতকালও কিছু সংখ্যক ছাত্র ঢাকা কলেজ এলাকায় হাঙ্গামার সৃষ্টি করে।

হাঙ্গামা চলাকালে কলেজের অধ্যক্ষ সহ-অধ্যক্ষের কক্ষসহ বেশ কিছু কক্ষে ভাঙচুরের ঘটনা ঘটে। পুলিশ ঢাকা কলেজের সাম-

(৫-এর পৃঃ দ্রঃ)

## ঢাকা কলেজে

(১ম পৃঃ পর)

নের রাস্তা দিয়ে যানবাহন চলাচল কয়েক ঘন্টার জন্যে বন্ধ করে দেয়। পুলিশ এ ঘটনায় ৭ জনকে গ্রেফতার করেছে।

উল্লেখ্য, উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের নির্দেশ অনুযায়ী টেস্ট পরীক্ষা এখন বাধ্যতামূলক। টেস্ট পরীক্ষায় অংশ না নিলে এইচএসসি পরীক্ষার জন্যে কোন ছাত্রের ফরম জমা নেয়ার কথা নয়।

কিন্তু কিছু সংখ্যক ছাত্র টেস্ট পরীক্ষা ছাড়াই পরীক্ষার ফরম পূরণের সুযোগ দেবার দাবী জানায়। এর ফলে গত ২রা ফেব্রুয়ারী নির্ধারিত টেস্ট পরীক্ষা অনুষ্ঠিত হয়নি।

ঢাকা কলেজের অধ্যক্ষ জানান ঃ টেস্ট পরীক্ষা গ্রহণ করতে না পারায় অবশেষে কর্তৃপক্ষ এইচএসসি পরীক্ষার্থীদের মাঝে গতকাল ফরম বিতরণের সিদ্ধান্ত নেন। কিন্তু ফরম বিতরণ না করার জন্যে উর্ধতন কর্তৃপক্ষের নির্দেশ আসায় এ সিদ্ধান্ত বাতিল করা হয়।

ক্যাম্পাস পরিস্থিতি আলোচনার জন্যে আজ ঢাকা কলেজের একাডেমিক কাউন্সিলের এক সভা অনুষ্ঠিত হবে। পুলিশ জানায়, [illegible] নীর ব্যাপারে কলেজের অধ্যক্ষ নিমতলী থানায় একটি মামলা দায়ের করেছেন।